

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-১০.০০.০০০০.১২৭.২৭.০১১.১৭-২১৮.

তারিখঃ ১৩ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ ।
২৭ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ ।

প্রজ্ঞাপন


যেহেতু, চুয়াডাঙ্গার সাবেক অতিরিক্ত জেলা ও দায়রা জজ বর্তমানে যশোরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব মোঃ নাজির আহমেদ এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মোতাবেক 'অসদাচরণ'র অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১১/২০১৭ নং বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ নাজির আহমেদ এর বিরুদ্ধে রুজুকৃত ১১/২০১৭ নং বিভাগীয় মামলায় তাঁর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ, লিখিত বক্তব্য ও ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত মৌখিক বক্তব্য পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'র অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করতঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের সিদ্ধান্তে একমত পোষন করেন।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে চুয়াডাঙ্গার সাবেক অতিরিক্ত জেলা ও দায়রা জজ বর্তমানে যশোরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব মোঃ নাজির আহমেদ-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ১১/২০১৭ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(আবু সালেহ শেখ মোঃ জাহিরুল হক)
সচিব

নং-১০.০০.০০০০.১২৭.২৭.০১১.১৭-২১৮

তারিখঃ ১৩ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ ।
২৭ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, যশোর।
- ৩। জনাব মোঃ নাজির আহমেদ, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, যশোর।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা- ১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(উপরের প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
- ৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১